

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭৬

আগরতলা, ১৯ নভেম্বর, ২০২৪

সন্তোষ ট্রফির গ্রুপ-ডি বিভাগে চ্যাম্পিয়ন মণিপুর
প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন হওয়ায় মুখ্যমন্ত্রীর সন্তোষ প্রকাশ

জাতীয় সন্তোষ ট্রফি ফুটবলের গ্রুপ-ডি বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে মণিপুর। আজ উমাকান্ত স্টেডিয়ামে মণিপুর ২-০ গোলে স্বাগতিক ত্রিপুরাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। ম্যাচ শেষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জাতীয় সন্তোষ ট্রফি ফুটবলের গ্রুপ-ডি'র ৪টি দল যথাক্রমে-ত্রিপুরা, মণিপুর, মিজোরাম ও সিকিমের ফুটবলার ও অফিসিয়ালদের সংবর্ধনা জ্ঞাপন করেন। সংবর্ধনাস্বরূপ তাদের হাতে মুখ্যমন্ত্রী স্মারক উপহার তুলে দেন। এই অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়, ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার ও যুগ্ম সচিব তপন সাহা উপস্থিত ছিলেন। পরে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, ২০১৮ সালের পর দ্বিতীয়বারের মতো রাজ্যে সন্তোষ ট্রফি ফুটবলের আয়োজন রাজ্যের খেলোয়াড় সহ ক্রীড়াপ্রেমীদের জন্য নিশ্চয়ই আনন্দের বিষয়। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন সুন্দর ও সফলভাবে প্রতিযোগিতাটি সম্পন্ন করায় মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সদস্যদের ধন্যবাদ জানান। পাশাপাশি সন্তোষ ট্রফি ফুটবলের গ্রুপ-ডি'র চারটি দলের খেলোয়াড়দের ও অফিসিয়ালদেরও ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী।
